

আয-যুখরুফ | Az-Zukhruf | أَلْزُخْرُفُ

আয়াতঃ ৪৩ : ৮০

আরবি মূল আয়াত:

أَمْ يَحْسِبُونَ أَنَّا لَا نَسْمَعُ سِرَّهُمْ وَنَجْوَاهُمْ؟ [1] بَلَىٰ وَرُسُلْنَا لَدَيْهِمْ يَكْتُبُونَ

﴿ ৪০ ﴾

অনুবাদসমূহ:

না কি তারা মনে করে, আমি তাদের গোপনীয় বিষয় ও নিভৃত সলাপরামর্শ শুনতে পাই না? অবশ্যই হ্যাঁ, আর আমার ফেরেশতাগণ তাদের কাছে থেকে লিখেছে। — আল-বায়ান

তারা কি মনে করে যে, আমি তাদের গোপন কথা, গোপন পরামর্শ শুনি না? নিশ্চয়ই শুনি, আর আমার ফেরেশতারা তাদের কাছে থেকে লিখে নেয়। — তাইসিরুল

তারা কি মনে করে যে, আমি তাদের গোপন বিষয় ও মন্ত্রনার খবর রাখি না? অবশ্যই রাখি। আমার মালাইকা/ফেরেশতাতো তাদের নিকট থেকে সব কিছু লিপিবদ্ধ করে। — মুজিবুর রহমান

Or do they think that We hear not their secrets and their private conversations? Yes, [We do], and Our messengers are with them recording.
— Sahih International

৮০. নাকি তারা মনে করে যে, আমরা তাদের গোপন বিষয় ও মন্ত্রণা শুনতে পাই না? অবশ্যই হ্যাঁ। আর আমাদের ফেরেশতাগণ তাদের কাছে থেকে সবকিছু লিখেছে।

তাফসীরে জাকারিয়া

(৮০) ওরা কি মনে করে যে, আমি ওদের গোপন বিষয় ও গোপন পরামর্শের খবর রাখি না? অবশ্যই (রাখি)। [1] আমার দূতগণ তো ওদের কাছে থেকে সব লিপিবদ্ধ করে। [2]

[1] অর্থাৎ, গুপ্ত কথাবার্তা যা তারা নিজেদের অন্তরে লুকিয়ে রাখে অথবা নির্জনে চুপেচুপে বলে কিংবা আপোসে যে কানাকানি করে, তারা কি মনে করে যে, আমি তাদের এ সব কিছু শুনি না? অর্থাৎ, আমি সব শুনি ও জানি।

[2] অর্থাৎ, অবশ্যই শুনি। এ ছাড়া আমার প্রেরিত ফিরিশতাগণ পৃথক পৃথকভাবে তাদের সমস্ত কথাবার্তা লিখে রাখে।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4405>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন